গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০১৯.১০৯

তারিখ: ১১ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ / ২৬ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বৃদ্ধিপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/ ভৌতবিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/ইংরেজি)' পদে নিয়োগ প্রাপ্তদের এমপিও জটিলতা নিরসন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বৃদ্ধিপ্রাপ্ত **'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/ ভৌতবিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/ইংরেজি)'** পদে নিয়োগ প্রাপ্তদের 'এমপিও' জটিলতা নিরসনকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

"নিম্নমাধ্যমিক পর্যায়ে বৃদ্ধিপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)', নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে বৃদ্ধিপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)', মাধ্যমিক পর্যায়ে বৃদ্ধিপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)' এবং নিম্নমাধ্যমিক পর্যায়ে বৃদ্ধিপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (ইংরেজি)' পদগুলোর জনবল কাঠামোর শূন্যপদে যাঁরা শিক্ষক নিবন্ধন পরীক্ষায় পাশ করে ২য় নিয়োগ চক্রের বিভিন্ন ধাপে এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়েছেন এবং পদায়নকৃত প্রতিষ্ঠানে যোগদান করেছেন ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর শূন্যপদে কর্মরত আছেন তাঁরা বিধি ও যোগ্যতা মোতাবেক এমপিও ভুক্ত হবেন। "

২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ১১.৯ অনুচ্ছেদ অনুযায়ী তাঁরা পূর্বের কোনো বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না। সংশ্লিষ্ট শিক্ষকদের একাডেমিক সনদ, নিবন্ধন সার্টিফিকেট, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও এনটিআরসিএ'র সুপারিশ যথাযথ থাকলে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর শূন্যপদে কর্মরত থাকলে তাঁদের এমপিওভুক্তি অনলাইনে আবেদনের তারিখ থেকে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৬/০৭/২০২০
( মোমিনুর রশিদ আমিন )
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৪০৯০৮

**সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন ঢাকা।
৩। চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। কমিশনার, ................................... বিভাগ (সকল)।
৮। জেলা প্রশাসক, .............................. জেলা (সকল)।
৯। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ..............(সকল)।
১০। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .......................... অঞ্চল (সকল)।
১৪। সিনিয়র সহকারী সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .......................... অঞ্চল (সকল)।
১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,................ ............. বিভাগ (সকল)।
১৯। উপজেলা নির্বাহী অফিসার, ...................................(সকল)।
২০। জেলা শিক্ষা অফিসার ......................................... (সকল)।
২১। জেলা হিসাব রক্ষণ অফিসার................................. (সকল)।
২২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার................. (সকল)।
২৩। উপজেলা হিসাব রক্ষণ অফিসার.............................. (সকল)।
২৪। অফিস নথি।